দৈনিক সংবাদ

তারিখ ... JUN. 1৬ 1999
পৃষ্ঠা ৬ কলাম ৪

৪৫

কুড়িগ্রাম

# একজনও পাস না করায় স্কুলে ভাঙচুর

কুড়িগ্রাম থেকে নিজস্ব সংবাদদাতা ঃ কুড়িগ্রাম জেলার রাজারহাট থানার একটি স্কুল থেকে এসএসসি পরীক্ষায় একজন ছাত্রছাত্রীও পাস করতে না পারায় ঐ এলাকার বিক্ষুব্ধ অভিভাবকরা স্কুলের আসবাবপত্র ভাঙচুর ও অগ্নিসংযোগ করেছেন।

রাজশাহী বোর্ডের অধীন কুড়িগ্রাম জেলার রাজারহাট থানার ঠাটমারী উচ্চ বিদ্যালয় থেকে এবার বিপুলসংখ্যক ছাত্রছাত্রী এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করে। কিন্তু ঐ স্কুল থেকে কোন ছাত্রছাত্রী পরীক্ষায় পাস করতে পারেনি। এ খবর দ্রুত চারদিকে ছড়িয়ে পড়ার সাথে সাথে বিক্ষুব্ধ অভিভাবকগণ স্কুলে সমবেত হয়ে স্কুলের আসবাবপত্র ভাঙচুর এবং অগ্নিসংযোগ করেন।